


সমকাল : ২৬. ০৮. ২০১৩

## চাঁদে যাচ্ছে রোবট

ছোট গাড়ির সমান আকৃতির লাডি (এলএডিইই) নামের ওই রোবটটি আগামী মাসে ভার্জিনিয়ার উপকূলীয় লঞ্চপ্যাড থেকে উৎক্ষেপণ করা হবে। চাঁদের বায়ুমণ্ডল পরখে তথা উপাদান, বৈশিষ্ট্য ও ধূলিকণার পরিমাণ ইত্যাদি খতিয়ে দেখতে রোবট পাঠাচ্ছে মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা নাসা। ছোট গাড়ির সমান আকৃতির লাডি (এলএডিইই) নামে ওই রোবটটি আগামী মাসে ভার্জিনিয়ার উপকূলীয় লঞ্চপ্যাড থেকে উৎক্ষেপণ করা হবে।



নাসার কর্মকর্তারা বলেন, 'লুনার অ্যাটমোস্ফেয়ার অ্যান্ড ডাস্ট এনভায়রনমেন্ট এক্সপ্লোরার' বা সংক্ষেপে লাডির কাজ হবে চাঁদের চারপাশে পরিক্রমণ করে বায়ুমণ্ডল সম্পর্কে বিস্তারিত তথ্য পাঠানো। চাঁদের আকাশে ধূলিকণার অস্তিত্ব আছে কি-না, তাও পরীক্ষা-নিরীক্ষা করবে লাডি। রোবটটিকে সেভাবেই তৈরি করা হয়েছে। নাসার বিজ্ঞানীরা জানান, চাঁদের বায়ুমণ্ডল খুবই পাতলা। বায়ুমণ্ডলের গঠন ও উপাদান সম্পর্কে নানা তথ্য ও ছবি পাঠাবে লাডি। তা ছাড়া পৃথিবীর সবচেয়ে কাছের প্রতিবেশী চাঁদের এ বৈশিষ্ট্যগুলো জানতে পারলে সৌরজগতের অন্য গ্রহ ও উপগ্রহগুলোর বায়ুমণ্ডল সম্পর্কে ধারণা পাওয়া যাবে।

ওয়াশিংটনে নাসার বিজ্ঞানবিষয়ক সহযোগী প্রশাসক জন গ্রানসফেল্ড বলেন, "চাঁদের বায়ুমণ্ডল নিয়ে আমরা যতটা ভাবছি, সৌরজগতের বাসিন্দা হিসেবে তার চেয়ে বেশি সাধারণও হতে পারে।"

লাডির প্রজেক্ট ম্যানেজার বাটলার হাইন জানান, উৎক্ষেপণের প্রায় এক মাস পর লাডি কাজ শুরু করবে। কর্মপরিকল্পনার ৪০ দিনের প্রথম ৩০ দিন রোবটটি চাঁদের ভূপৃষ্ঠের ওপরে অবস্থান নিয়ে বাতাসের উপাদান যাচাই- বাছাই করবে।

সূত্র: জিনিউজ ও দি ইন্ডিয়ান এক্সপ্রেসের।